
# আপনার বিল্ডিংকে আগুন থেকে সুরক্ষিত রাখার পাঁচটি উপায়

**আপনি সম্পত্তির মালিক বা ভাড়াটে যেই হন না কেন, নিশ্চিত করুন যে আপনি নিম্নলিখিত নিরাপত্তার নিয়মগুলো সম্পর্কে অবগত:**



## 1. নিজে থেকে বন্ধ হওয়া দরজা

3 বা ততোধিক অ্যাপার্টমেন্ট থাকা সমস্ত আবাসিক বিল্ডিং-এ অবশ্যই নিজে থেকে বন্ধ হওয়া দরজা থাকতে হবে। নিশ্চিত করুন যে অ্যাপার্টমেন্টের দরজা চাবি ছাড়াই ভিতর থেকে খোলে এবং বাধামুক্ত থাকে।




## 2. স্মোক অ্যালার্ম

সম্পত্তির মালিকদের অবশ্যই ধোয়া সনাক্তকারী প্রদান করা এবং ইনস্টল করা উচিত। ব্যাটারী টেস্টিং এবং প্রতিস্থাপন করা সহ সনাক্তকারীগুলি ভাড়াটের রক্ষণাবেক্ষণ করতে হবে।




## 3. আগুন লাগলে বাঁচার পরিকল্পনা

সম্পত্তির মালিকদের অবশ্যই প্রতিটি অ্যাপার্টমেন্টের দরজার ভিতরে, সাধারণ এলাকায় পরিকল্পনা পোস্ট করতে হবে এবং সেগুলি প্রতিটি ইউনিটে, নতুন ভাড়াটেদেরকে এবং বার্ষিক অগ্নি প্রতিরোধ সপ্তাহে বিতরণ করতে হবে।



## 4. পরিষ্কার এবং বাধাহীন প্রস্থানের পথ

ছাদের দরজা সহ, হলওয়েতে এবং বিল্ডিংয়ের সমস্ত প্রবেশদ্বার, ফায়ার-এস্কেপের প্রস্থানের পথগুলি অবশ্যই বাধামুক্ত হতে হবে। চাবি ছাড়াই খোলে শুধুমাত্র এমন অনুমোদিত নিরাপত্তা গেটগুলি ফায়ার-এস্কেপ উইন্ডো বা সেকেন্ডারি গ্রেড লেভেলের প্রস্থানের পথে লাগানো যেতে পারে।



## 5. স্টোভ নব কভার

সম্পত্তির মালিকদের গ্যাস চালিত চুলার জন্য অবশ্যই স্টোভ নব কভার সরবরাহ করতে হবে যেখানে তারা জানেন বা যুক্তিসঙ্গতভাবে জানা উচিত যে ছয় বছরের কম বয়সী কোনো শিশু থাকে। কোনো পরিবার যদি অনুরোধ করে সেখানেও তাদেরকে স্টোভ নব কভার সরবরাহ করতে হবে।

### ভাড়াটেদের জন্য অধিক পরামর্শ:

যদি আপনার সামনের দরজা নিজে থেকে বন্ধ না হয়, আপনার কাছে কার্যকরী স্মোক অ্যালার্ম না থাকে, আপনার নিজের নয় এমন কোনো বাধা আপনার প্রস্থানের পথকে অবরুদ্ধ করে রাখে, বা আপনার প্রয়োজনীয় স্টোভ নব কভার না থাকে তাহলে আপনার বিল্ডিংয়ের সম্পত্তির মালিকের সাথে যোগাযোগ করুন।

যদি সমস্যাটি সমাধান না করা হয় তাহলে 311 এ আপনি অভিযোগ রেজিস্টার করতে পারেন।

এবং মনে রাখবেন: ফায়ার এস্কেপে চাবি দিয়ে তালা দেওয়া জানালার গেট লাগানো এবং ডাবল সিলিন্ডার লক লাগানো বেআইনি।

NYC
Department of
Housing Preservation
& Development